202

দৈনিক বাংলা

তারিখ 27 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

# ঢাকা ভার্সিটিতে ফার্মেসী অনুষদ চালু হয়েছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ফার্মেসী নামের আরেকটি নতুন অনুষদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে খোলা হয়েছে। ফার্মেসী বিভাগ এই অনুষদের অন্তর্ভুক্ত থাকবে। চলতি শিক্ষা বর্ষে প্রয়োজন বোধে আরো একটি নতুন বিভাগ এই অনুষদের অধীনে খোলা হবে।

১৯৭৩ অধ্যাদেশ ১৭(২) ধারা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ ফার্মেসী বিভাগের প্রফেসর ডঃ নুরুন নাহার রহমানকে ফার্মেসী অনুষদের ভারপ্রাপ্ত ডীন পদে নিয়োগ দিয়েছেন।